

বিরল উপজেলা নন-জুডিশিয়াল ও জুডিশিয়াল স্ট্যাম্প জালিয়াতি রোধকল্পে আগস্ট/২০২৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ রেজাউল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।

আলোচ্য মাসঃ জুলাই/২০২৬
তারিখঃ ১৭/০৮/২০২৬ খ্রিঃ
রোজঃ সোমবার
সময়ঃ সকাল- ১০.৩০ ঘটিকা
স্থানঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম।



সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ও 'খ' তে দেখানো হলো।

সভার শুরুতে উপজেলা নন-জুডিশিয়াল ও জুডিশিয়াল স্ট্যাম্প জালিয়াতি রোধকল্পে কমিটির সভাপতি জনাব মোঃ রেজাউল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

খ) অতঃপর সভাপতি উপজেলা নন-জুডিশিয়াল ও জুডিশিয়াল স্ট্যাম্প জালিয়াতি রোধকল্পে কমিটির গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় বিতারিত আলোচনাস্থে নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ :-

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	সভাপতি জানান যে, বিরল উপজেলায় নন-জুডিশিয়াল ও জুডিশিয়াল স্ট্যাম্প জালিয়াতি সম্পর্কে এখন পর্যন্ত কোন সংবাদ পাওয়া যায়নি। বিরল উপজেলায় কোথাও কোন স্ট্যাম্প জালিয়াতি/মজুদ করার সংবাদ পেলে তাৎক্ষণিকভাবে উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ, বিরল থানা, সাব-রেজিস্ট্রার, বিরল, দিনাজপুর বরাবর সংবাদ দেয়ার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতি পরবর্তী মাস হতে সাব রেজিস্ট্রার, বিরল, দিনাজপুরকে স্বশরীরে সভায় নিয়মিত উপস্থিত থাকতে অনুরোধ করেন। এছাড়া সভায় সাধারণ জনগণ জমি রেজিস্ট্রি করার পর মূল দলিল প্রাপ্তির রশিদ যেন তাৎক্ষণিকভাবে বুকে পান সে বিষয়ে জরুরী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সাব রেজিস্ট্রার, বিরল, দিনাজপুরকে অনুরোধ জানানো হয়।	০১) স্ট্যাম্প ভেভারগণকে স্ট্যাম্প জালিয়াতিসহ স্ট্যাম্প মজুদ না করার জন্য অনুরোধ করা হয়। ০২) স্ট্যাম্প ভেভারগণকে স্ট্যাম্প উত্তোলন এবং বিক্রয় রেজিস্টারে লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হয়। ০৩) স্ট্যাম্পের কৃত্রিম সংকট সৃষ্টি হলে তাৎক্ষণিকভাবে জানানোর জন্য অনুরোধ করা হয়। ০৪) স্ট্যাম্প ভেভারদেরকে স্ট্যাম্প সিল এবং স্বাক্ষর দিয়ে বিক্রয়ের জন্য অনুরোধ করা হয়। ০৫) প্রত্যেক স্ট্যাম্প ভেভারদেরকে বৈধ লাইসেন্স নিয়ে ব্যবসা করার জন্য অনুরোধ করা হয়। ০৬) সাব রেজিস্ট্রার, বিরল, দিনাজপুরকে নন-জুডিশিয়াল ও জুডিশিয়াল স্ট্যাম্প জালিয়াতি রোধকল্প বিষয়ক সভায় নিয়মিত স্বশরীরে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। ০৭) সাব-রেজিস্ট্রি অফিসের সম্মুখভাগে সিটিজেন চার্টার দৃশ্যমান রাখার বিষয়ে জানানো হয়।	১. সাব-রেজিস্ট্রার, বিরল দিনাজপুর। ২. স্ট্যাম্প ভেভার, বিরল, দিনাজপুর।

পরিশেষে বিরল উপজেলায় নন-জুডিশিয়াল ও জুডিশিয়াল স্ট্যাম্প জালিয়াতি রোধকল্পে সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রেজাউল ইসলাম
সভাপতি

উপজেলা নন-জুডিশিয়াল ও জুডিশিয়াল
স্ট্যাম্প জালিয়াতি রোধ কমিটি।

ও
উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
বিরল, দিনাজপুর
www.birol.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১৭.০০০.১৪.০২৪.২৬-১২৯১(৫০)

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩
২৭ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. জেলা প্রশাসক, দিনাজপুর।
২. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
৩. উপজেলা.....অফিসার, বিরল, দিনাজপুর।
৪. অফিসার ইন-চার্জ, বিরল থানা, দিনাজপুর।
৫. চেয়ারম্যান..... ইউ,পি, (সকল), বিরল, দিনাজপুর।
৬. উপজেলা আইসিটি অফিসার, বিরল, দিনাজপুর। তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭. জনাব.....বিরল, দিনাজপুর।
৮. অফিস কপি।


উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।